# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের ফযীলত

## আরবী

عَن ابْن مَسْعُود وَسمرَة بن جُنْدُب قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَلَاةُ الْوُسْطَى صَلَاةُ الْعَصْرِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ

## বাংলা

৬৩৪-[১১] ইবনু মাস্'ঊদ ও সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তারা উভয়ে বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (উসত্বা- সালাত) মধ্যবর্তী সালাত (সালাত/নামায/নামাজ) হচ্ছে 'আসরের সালাত। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৮১-১৮২, মুসলিম ২/১১২, সহীহুল জামি‘ ৩৮৩৫। আলবানী (রহঃ) বলেনঃ যদি লেখক رَوَاهُ -এর স্থলে رَوَاهُمَا বলতো তাহলে ভালো হতো। কারণ এ দু'টি ভিন্ন সানাদে বর্ণিত দু'টি হাদীস। প্রথমটি মুররাহ্ আল্ হামদানীর সূত্রে ইবনু মাস্‘ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিরমিযী যেটিকে হাসান সহীহ বলেছেন। আর দ্বিতীয়টি হাসান বসরীর সূত্রে সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ) হতে বর্ণিত যেটি তিরমিযীতে রয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আসরের সালাতকে মধ্যবর্তী সালাত (সালাত/নামায/নামাজ) বলা হয় এজন্য যে, এটি রাতের দু' ওয়াক্ত এবং দিনের দু' ওয়াক্ত সালাতের মধ্যবর্তী। যেমন হাতে মধ্যমা আঙ্গুল-এর অবস্থান। এ হাদীস দ্বারাও প্রমাণিত হয় যে, ‘আসরের সালাত মধ্যবর্তী সালাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55191

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন